যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# বাকৃবির ছাত্রাবাসগুলো দখল করে নিয়েছে ছাত্রদল

**মোঃ জাহেদুল আলম রুবেল,** *বাকৃবি থেকে*

সরকার পরিবর্তনের সন্ধিক্ষণে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের চেহারার আমূল পরিবর্তন ঘটে গেছে। ছাত্রলীগের নেতাকর্মীরা সবাই আজ ক্যাম্পাস ছাড়া। গত সোমবার গভীর রাতেই ছাত্রলীগের উচ্চ পর্যায়ের নেতারা সবার অগোচরে ক্যাম্পাস ছেড়েছেন। মঙ্গলবার থেকে গোটা ক্যাম্পাসে কোন ছাত্রলীগ কর্মীকেও দেখা যাচ্ছে না। ক্যাম্পাস পুরোটাই এখন ছাত্রদলের নিয়ন্ত্রণে। দশটি আবাসিক হলেই ছাত্রদলের নেতাকর্মীরা অবস্থান নিয়েছেন।

ইতিমধ্যে হলগুলো থেকে নেমে গেছে বঙ্গবন্ধুর ছবি, উঠেছে জিয়া আর খালেদার প্রতিকৃতি। গোটা ক্যাম্পাসে এত দিনের ছাত্রলীগের দেয়ালে সাঁটা পোস্টার তুলে পুড়িয়ে দিয়েছে ক্ষুব্ধ ছাত্রদল কর্মীরা, হলে হলে চলছে মিষ্টি বিতরণ উৎসব।

ছাত্রলীগ নেতাকর্মীদের মতো একইভাবে ক্যাম্পাস ছেড়ে চলে গেছেন বাকৃবি উপাচার্য প্রফেসর ড. মোঃ আনোয়ারুল ইসলাম। বর্তমানে তিনি অবস্থান নিয়েছেন ময়মনসিংহ শহরের এক স্বজনের বাসায়। ক্যাম্পাস ছাড়লেও উপাচার্য এখনও পদত্যাগ করেননি। ছাত্রদল নেতারা ইতিমধ্যেই উপাচার্যকে আল্টিমেটাম দিয়েছে বিশ্ববিদ্যালয়ের সব অবৈধ নিয়োগ বাতিল করেই তাকে পদত্যাগ করতে হবে। ছাত্রদলের নেতাকর্মীরা প্রোক্টর, প্রোভোস্টদের পদত্যাগের রব না উঠালেও আগেভাগেই পদত্যাগ করে ফেলেছেন প্রশাসনের এই উচ্চ ব্যক্তিরা। ক্লাস হচ্ছে না তাই ক্যাম্পাসের শূন্যতা এখনও কাটেনি। তবে গতকাল থেকে ক্যাম্পাসে ফিরে আসতে শুরু করেছে সাধারণ ছাত্রছাত্রী। প্রশাসনের কাজকর্মে বিরাজ করছে এখন একরকম স্থবিরতা।